# বদরগঞ্জ উপজেলা পরিষদের জানুয়ারি ২০২৫ মাসের সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ মিজানুর রহমান
প্রশাসক
উপজেলা পরিষদ
বদরগঞ্জ, রংপুর

সভার স্থান : উপজেলা পরিষদ হলরুম, বদরগঞ্জ, রংপুর

সভার তারিখ : ২৭ জানুয়ারি ২০২৫খ্রি. সময় : বেলা- ১২.০০ ঘটিকা

উপস্থিত সদস্যগণের নাম : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। উহাতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ আরম্ভ হয়।

| নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) সভায় জানান যে, (ক) চলতি ২০২৪-২০২৫ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় ১ম কিস্তিতে = ২৫,৬৪,০০০/- টাকা ও ২য় কিস্তিতে = ২৫,৬৪,০০০/- টাকাসহ মোট = ৫১,২৮,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। ১ম কিস্তি ও ২য় কিস্তি বরাদ্দের সমপরিমাণ ৩য় ও ৪র্থ কিস্তি বরাদ্দ ধরে সর্ব মোট = ১,০২,৫৬,০০০/- টাকা এবং উপজেলা রাজস্ব উন্নয়ন তহবিল = ৪১,৪৭,৫৪৯/- টাকা সহ মোট = (১,০২,৫৬,০০০ + ৪১,৪৭,৫৪৯) = ১,৪৪,০৩,৫৪৯/- টাকার প্রকল্প গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যান ও দপ্তর প্রধানকে প্রকল্প দাখিলের অনুরোধ করেন। সভাপতি প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ২০২৪ - ২০২৫ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও উপজেলা রাজস্ব উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্প গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে দ্রুত প্রকল্প দাখিলের অনুরোধ করেন এবং দ্রুত প্রকল্প দাখিলের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী (এলজিইডি)<br>৩। সকল ইউপি চেয়ারম্যান<br>৪। সংশ্লিষ্ট সকল |
| ০২ | প্রকল্প বাস্তবায়ন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে টিআর নগদ অর্থ, কাবিটা, এবং কাবিখা (গম) ১ম ও ২য় বরাদ্দ পাওয়া গেছে। টিআর নগদ অর্থ = ১,৫৯,২৯,৮৬৮.৩৯ টাকা, কাবিটা = ১,৭০,৫৬,০৭২.০৬ টাকা এবং কাবিখা (গম) ১২১.৮২৯১ মে. টন বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে প্রকল্প দাখিলের অনুরোধ করেন। সভাপতি প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার কে অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ২০২৪-২০২৫ অর্থ বছরে টিআর নগদ অর্থ, কাবিটা, এবং কাবিখা (গম) ১ম ও ২য় বরাদ্দ মোতাবেক দ্রুত প্রকল্প দাখিলের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার<br>৩। সকল ইউপি চেয়ারম্যান<br>৪। সংশ্লিষ্ট সকল |
| ০৩ | কৃষি | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বদরগঞ্জ উপজেলার উপকারভোগী কৃষকদের মনিটরিং কাজ চলছে। ১০৯টা পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে। ৬৫টা কৃষি প্রদর্শনী রয়েছে তার মধ্যে আম চাষ প্রদর্শনী ০৩টা। সার পরিস্থিতি নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত | বদরগঞ্জ উপজেলার কৃষকদের কৃষি ফসল উৎপাদনে সহায়ক হিসাবে মনিটরিং বাড়ানোর ও সারের দাম নিয়ন্ত্রণে মনিটরিং এবং মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখা | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। সহকারী কমিশনার (ভূমি)<br>৩। উপজেলা কৃষি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রয়েছে। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | অফিসার |
| ০৪ | মাধ্যমিক ও মাদ্রাসা | উপজেলা একাডেমিক সুপারভাইজার সভায় জানান যে, প্রায় ৩৫% বই পাওয়া গেছে। ১০০% বরাদ্দ পাওয়া গেলে দ্রুত শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করা হবে। ৫৩ তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিয়যাগিতা ২০২৫ এর খেলা ০৩, ০৪ ও ০৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে অনুষ্ঠিত হবে উক্ত খেয়ায় স্থানীয় জনপ্রতিনিধিসহ সকলকে সহযোগিতা করার অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বরাদ্দ মোতাবেক দ্রুত শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করতে হবে এবং ৫৩ তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিয়যাগিতা ২০২৫ এর খেলায় সহযোগিতা করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। সংশ্লিষ্ট সকল |
| ০৫ | প্রাথমিক ও গণশিক্ষা | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, সকল ক্লাসের বই বিতরণ করা হয়েছে। শুধু ৫ম শ্রেণির ২ টা বই পাওয়া যায় নাই। পাওয়া গেলে দ্রুত বিতরণ করা হবে। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ৫ম শ্রেণির ২ টা বই পাওয়া মাত্র দ্রুত বিতরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ১। উপজেলা শিক্ষা অফিসার<br>২। সংশ্লিষ্ট সকল |
| ০৬ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, বদরগঞ্জ উপজেলার নরমাল ডেলিভারির হার বেড়েছে। নরমাল ডেলিভারির কার্যক্রম ইউনিয়ন পর্যায়ে চলছে। লোহানীপাড়া ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রের মাঠ ভরাট এবং গোপীনাথপুর ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রের সংযোগ রাস্তা মেরামত করা অতিব জরুরী। এই বিষয়ে প্রকল্প দাখিলের আলোচনা হয়। | লোহানীপাড়া ইউপি স্বাস্থ্য কেন্দ্রের মাঠ ভরাট এবং গোপীনাথপুর ইউপি স্বাস্থ্য কেন্দ্রের সংযোগ রাস্তা মেরামত করা জন্য উপজেলা পরিষদে প্রকল্প দখিল করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৭ | যুব ও ক্রীড়া উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, উপজেলা পর্যায় ভ্রাম্যমান কম্পিউটার প্রশিক্ষণ চলছে। বায়োগ্যাস বিষয়ে কার্যক্রম চলছে। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | যুব উন্নয়ন কর্তৃক প্রশিক্ষণ দেওয়ার পরে তদারকি ও কার্যকর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ০৮ | মহিলা ও শিশু উন্নয়ন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, নিয়মিত নারী নির্যাতন বিষয়ক সভার আয়োজন করা হয়। তিনি আরো জানান যে, মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের নিয়ন্ত্রণাধীন উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক প্রকল্পের প্রশিক্ষণ চলছে। মা ও শিশু সহায়তা কর্মসূচী চলমান রয়েছে। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | নিয়মিত নারী নির্যাতন বিষয়ক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও কার্যকর করা এবং প্রশিক্ষণ কার্য সঠিক ভাবে প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>২। সংশ্লিষ্ট সকল |
| ০৯ | প্রাণিসম্পদ | উপজেলা ভেটেরেনারি সার্জন সভায় জানান যে, বদরগঞ্জ উপজেলার ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন পরিষদে প্রাণিসম্পদ সেবা কার্যক্রম জোরদারকরণ এর লক্ষ্যে কার্যক্রম বাস্তবায়ন চলমান আছে। রাস্তার পাশে ঘাষ চাষ সম্প্রসারণ ও ঘাসের বাজার মনিটরিং কার্যক্রম চলছে। বদরগঞ্জ পৌরসভা মাংসহাটির পরিবেশ উন্নত করা, পশু জবাই করার স্থান উন্নত করা এবং পশুকে জবাই করার আগে ডাক্তারি পরীক্ষা করানো জরুরি প্রয়োজন, তাছাড়া কুকুর কামড়ানোর জলাতঙ্ক রোগের টিকা ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও উপজেলা রাজস্ব উন্নয়ন তহবিলের মাধ্যমে বরাদ্দ দেওয়ার জন্য সকলের মতামত ও সিদ্ধান্ত প্রদানের অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ইউনিয়ন পরিষদে প্রাণিসম্পদ সেবা কার্যক্রম জোরদারকরণ ও রাস্তার পাশে ঘাষ চাষ মনিটরিং করা এবং বদরগঞ্জ পৌরসভা মাংসহাটির পরিবেশ ও পশু জবাই করার স্থান পরিস্কার পরিচ্ছন্নতা রাখতে হবে। ডাক্তারি পরীক্ষা করানো পরে পশুকে জবাই করাতে হবে। এবং কুকুর কামড়ানোর জলাতঙ্ক রোগের টিকার জন্য উপজেলা পরিষদে প্রকল্প দাখিলে জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। প্রশাসক, বদরগঞ্জ পৌরসভা উপজেলা<br>২। প্রাণিসম্পদ অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ১০ | মৎস্য | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, মৎস্য | মাছের অভয়াশ্রমটি মেরামত কাজ | ১। সিনিয়র |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চাষ বিষয়ে প্রশিক্ষণ চলছে। যমুনেশ্বরী নদীর নিচে মাছের অভয়াশ্রম রয়েছে। অভয়াশ্রমটি মেরামত কাজ চলছে। ইলিশ মাছের সরবরাহ ও মূল্য শৃংখলের বিদ্যমান প্রতিবন্ধকতা দুরীকরণের মাধ্যমে মূল্য হ্রাস সংক্রান্ত বিষয়ে এবং ইলিশ পাচার রোধে সকলের সহযোগিতা কামনা করেন। এই বিষয়ে আলোচনা হয়। | তদারকিসহ বিভিন্ন দরিদ্র মৎস্যজীবীদের সহায়তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং ইলিশ পাচার রোধে সকলে মেকাবেলা করার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | উপজেলা মৎস্য অফিসার<br>২। সংশ্লিষ্ট সকল |
| ১১ | পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, আয়বর্ধক প্রকল্পের প্রশিক্ষণ বরাদ্দ না থাকার কারণে বন্ধ রয়েছে। বরাদ্দ পাওয়া গেলে অধিদপ্তর কর্তৃক নিদের্শনা মোতাবেক আয়বর্ধক প্রকল্পের প্রশিক্ষণ পরিচালিত হবে। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বদরগঞ্জ উপজেলায় আয়বর্ধক প্রকল্পের প্রশিক্ষণ চালুর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১২ | সমবায় | উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, সমবায় সমিতি তদারকি কার্যক্রম চলমান রয়েছে। কোন সমস্যা নাই। এই বিষয়ে আলোচনা হয়। | সমবায় সমিতি তদারকি কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৩ | বিএডিসি সেচ | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) সভায় জানান যে, ইরি মৌসুম ৫৭টি গভীর নলকুপ চালু আছে। ২০টি গভীর নলকুপ পরিচালনা ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ হবে। বরাদ্দ পাওয়া গেলে প্রশিক্ষণ শুরু হবে। ২০টি গভীর নলকুপ নতুন ভাবে চালু হওয়ার কাজ চলছে। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বদরগঞ্জ উপজেলার কৃষকদের ইরি মৌসুম পানির অভাব না হয় এবং বরাদ্দ পাওয়া গেলে দ্রুত প্রশিক্ষণের আয়োজনেএবং ২০টি গভীর নলকুপ দ্রুত চালু করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) |
| ১৪ | বরেন্দ্র সেচ | সহকারী প্রকৌশলী (বিএমডিএ) সভায় জানান যে, বদরগঞ্জ উপজেলার পূর্বের খননকৃত খালে ব্রীজ নির্মাণ কাজ চলছে। গাঁওচুলকা খালে খনন হবে। এ বিষয় সকলের সহযোগীতা চান। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলায় খননকৃত খালে ব্রীজ নির্মাণ কাজ ও গাঁওচুলকা খালে খনন কাজে সকলকে সহযোগীতার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। সহকারী প্রকৌশলী (বিএমডিএ)<br>২। ইউপি চেয়ারম্যান |
| ১৫ | পরিবেশ ও বন | উপজেলা ফরেস্টার, বন বিভাগ সভায় জানান যে, এবছর বদরগঞ্জ উপজেলার বিভিন্ন রাস্তায় ২০,৫০০টি চারা রোপণ করা হয়েছে এবং বন বিভাগের নিজস্ব জমিতে ০১ লক্ষ চারা রোপন করা হয়েছে। আরো বিভিন্ন রাস্তায় চারা রোপণ কার্যক্রম গ্রহণ করা হবে। স্থানীয় লোকজনকে রোপনকৃত চারা সংরক্ষণ করার দায়িত্ব দেয়া হয়েছে। সকলের সহযোগীতার জন্য অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বদরগঞ্জ উপজেলার বিভিন্ন রাস্তায় চারা রোপণ এমন ভাবে করবেন যেন রাস্তা সম্প্রশারনে সমস্যা না হয় এবং রোপণকৃত চারা সংরক্ষণের জন্য দায়িত্ব ব্যক্তিদের তদারকি করার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ১। বন বিভাগ<br>২। ইউপি চেয়ারম্যান সকল |
| ১৬ | খাদ্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বদরগঞ্জ উপজেলায় চালের মজুদ আছে। ধান ও চাল সংগ্রহ অভিযান চলছে। তিনি সকল ইউপি চেয়ারম্যানকে ধান ও চাল সংগ্রহ অভিযানে সহযোগিতার জন্য অনুরোধ করেন। সভাপতি ধান ও চাল সংগ্রহ অভিযান সফল করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কে অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বদরগঞ্জ উপজেলায় ধান ও চাল সংগ্রহ অভিযানে সকল প্রকার সহযোগিতার করার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>২। ইউপি চেয়ারম্যান সকল |
| ১৭ | জনস্বাস্থ্য, সেনিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য অধিদপ্তর) সভায় জানান যে, বদরগঞ্জ উপজেলার জন্য ১২০টি টিউবওয়েল বরাদ্দ পাওয়া গেছে। বদরগঞ্জের ১০ (দশ)টি ইউনিয়নের বিভিন্ন দরিদ্র পরিবারের কাছ হতে আবেদন পাওয়া গেছে। ইউপি চেয়ারম্যানগণ হতে তালিকা প্রদানের জন্য অনুরোধ করেন। | বদরগঞ্জ উপজেলা সকল ইউপি চেয়ারম্যান টিউবওয়েল এর জন্য তালিকা দ্রুত প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ওয়াস ব্লোকের কাজ চলছে। সকলের সহযোগীতার কামনা করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | | অধিদপ্তর)<br>৩। সকল ইউপি চেয়ারম্যান |
| ১৮ | পানি উন্নয়ন | উপসহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড সভায় জানান যে, মোস্তফাপুর ভাংরিরঘাট ব্রীজ নির্মাণের টেন্ডার কার্যক্রম চলমান। কালুপাড়া ইউনিয়নের কালাআমেরতল রাস্তার বাঁধের মেরামত বরাদ্দ পাওয়া গেলে করা হবে। মোস্তফাপুর ভাংরিরঘাট ব্রীজ নির্মাণ কাজ দ্রুত শুরু হবে। সকলের সহযোগীতার কামনা করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | মোস্তফাপুর ভাংরিরঘাট ব্রীজ নির্মাণের টেন্ডার কার্যক্রম দ্রুত শেষ করে কাজ শুরু করুন এবং সকলেই সহযোগীতা করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপসহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড<br>৩। সকল ইউপি চেয়ারম্যান |
| ১৯ | সমাজ সেবা | উপজেলা সমাজ সেবা অফিসার সভায় জানান যে, বদরগঞ্জ উপজেলা সকল ইউনিয়নের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা ভোগী মৃত্যুব্যাক্তির প্রতিস্থাপনের ক্ষেত্রে ০১(এক) মাস আগে তালিকা দাখিল করার জন্য অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা ভোগী মৃত্যুব্যাক্তির প্রতিস্থাপনের ক্ষেত্রে ০১(এক) মাস আগে তালিকা দাখিল করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা সমাজ সেবা অফিসার<br>২। সকল ইউপি চেয়ারম্যান |
| ২০ | আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান যে, সার্বিক কার্যক্রম সাভাবিক চলছে। ইউনিয়ন পর্যায় আনসার ও ভিডিপি খন্ডকালীন প্রশিক্ষণ চলছে। সকলের সহযোগীতার কামনা করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ইউনিয়ন পর্যায় আনসার ও ভিডিপি খন্ডকালীন প্রশিক্ষণগুলো মনিটরিং করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার<br>২। চেয়ারম্যান ইউপি সকল |
| ২১ | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি ২০২৫ যাদের জন্ম ২০০৮ সলের ০১ জানুয়ারি বা তার পূর্বে এবং বিগত ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে যারা বাদ পড়া ব্যক্তিদের তথ্য সংগ্রহ ও সুপারভাইজার কর্তৃক যাচাই কার্যক্রম ২০ জানুয়ারি ২০২৫ হতে ০৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে সম্পন্ন করা হবে। উক্ত কর্মসুচি সুষ্ঠু ও সুচারুরুপে সম্পন্ন করার লক্ষে স্থানীয় জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট সকলের সহযোগিতার কামনা করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি ২০২৫ সুষ্ঠু ও সুচারুরুপে সম্পন্ন করার লক্ষে স্থানীয় জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা নির্বাচন অফিসার<br>৩। সকল ইউপি চেয়ারম্যান<br>৪। সংশ্লিষ্ট সকল |
| | বিবিধ-০১ | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) সভায় জানান যে, উপজেলা গেজেটেড কোয়াটার মেরামত করা অতিব প্রয়োজন। ভবনের বিভিন্ন সমস্যা রয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ভবন ও বাসাবাড়ী মেরামত/সংরক্ষণ খাতের মেরামত খাত হতে = ৬১,৯৩০/- টাকা ব্যয় করার জন্য সকলের মতামত ও সিদ্ধান্ত প্রদানের অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা গেজেটেড কোয়াটার মেরামত করণ কাজের উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ভবন ও বাসাবাড়ী মেরামত/ সংরক্ষণ খাত হতে = ৬১,৯৩০/- টাকা ব্যয় করার বিষয়ে সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| | বিবিধ-০২ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বদরগঞ্জ উপজেলাধীন হাট-বাজারসমূহ আগামী ১৪৩২ বাংলা সনের ০১লা বৈশাখ হতে ৩০চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের জন্য অস্থায়ী ইজারা প্রদানের নিমিত্ত দরপত্র বিজ্ঞপ্তি আহ্বান করা জরুরী হওয়ায়, সকলের মতামত ও সিদ্ধান্ত প্রদানের অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বদরগঞ্জ উপজেলাধীন হাট-বাজারসমূহ আগামী ১৪৩২ বাংলা সনের ০১লা বৈশাখ হতে ৩০চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের জন্য অস্থায়ী ইজারা প্রদানের নিমিত্ত দরপত্র বিজ্ঞপ্তি আহ্বান করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | বিবিধ-০৩ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জনাব মোঃ রিয়াজ উদ্দিন, উপপরিচালক (উপসচিব) স্থানীয় | উপজেলা রাজস্ব উন্নয়ন তহবিলের আওতায় ই-টেন্ডার/ ঠিকাদারের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০৩।জনাব মোঃ মনিরুল ইসলাম, মালী/বাগান পরিচর্যাকারী উপজেলা পরিষদ কার্যালয়, বদরগঞ্জ, রংপুর এর জানুয়ারি ২০২৫ মাসের দৈনিক মজুরীর বিল = ১৭,০৫০/-<br>০৪। গোবিন্দ বাঁসফোড়, সুইপার/পরিচ্ছন্নতাকর্মী উপজেলা পরিষদ কার্যালয়, বদরগঞ্জ, রংপুর এর জানুয়ারি ২০২৫ মাসের দৈনিক মজুরীর বিল = ১৭,০৫০/-<br>০৫। জনাব শ্রী রজনী চন্দ্র রায়, নীরাপত্তা কর্মী (আনসার) উপজেলা পরিষদ কার্যালয়, বদরগঞ্জ, রংপুর এর জানুয়ারি ২০২৫ মাসের চুক্তি ভিত্তিক বিল = ৮,০০০/-<br>০৬। জনাব খায়রুল আলম, বজ্য ব্যবস্থাপনা পরিস্কার পরিচ্ছন্নতা শ্রমিক উপজেলা পরিষদ কার্যালয়, বদরগঞ্জ, রংপুর এর জানুয়ারি ২০২৫ মাসের চুক্তি ভিত্তিক বিল = ৮,৩৩০/-<br>০৭। উপজেলা পরিষদ কার্যালয়, বদরগঞ্জ, রংপুর এর ০৫ (পাঁচ) টি হিসাবের জানুয়ারি ২০২৫ মাসের বিদ্যুৎ বিল = ৮,৩০১/- | | |

সভার আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১/২৫
(মোঃ মিজানুর রহমান)
প্রশাসক
উপজেলা পরিষদ
বদরগঞ্জ, রংপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসাররের কার্যালয়
বদরগঞ্জ, রংপুর
www.badargonj.rangpur.gov.bd

স্মারক নম্বর : ০৫.৫৫.৮৫০৩.০০০.০৪.০০১.২৫-৮৮(৪৫)

তারিখ : ১৩ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি ২০২৫খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর
০২। জেলা প্রশাসক, রংপুর
০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর
০৫। প্রশাসক, বদরগঞ্জ পৌরসভা, বদরগঞ্জ, রংপুর
০৬। উপজেলা ..................................অফিসার, বদরগঞ্জ, রংপুর
০৭। প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) বদরগঞ্জ, রংপুর
০৮। অফিস নথি

২৭/১/২৫
(মোঃ মিজানুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
বদরগঞ্জ, রংপুর

বদরগঞ্জ উপজেলা পরিষদের জানুয়ারি ২০২৫ মাসের সাধারণ সভায় উপস্থিতি : সভার তারিখ : ২৭/০১/২০২৫খ্রি.।
সভার সময় : বেলা- ১২.০০ ঘটিকা।

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর | প্রতিনিধির স্বাক্ষর | অনুমতিক্রমে অনুপস্থিত |
|---|---|---|---|---|---|
| ০১। | জনাব মোঃ মিজানুর রহমান<br>প্রশাসক<br>উপজেলা পরিষদ ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>বদরগঞ্জ, রংপুর। | ০১৭৬১-৪৯১৩২২ | | | |
| ০২। | জনাব মোঃ মিজানুর রহমান<br>প্রশাসক<br>বদরগঞ্জ পৌরসভা, বদরগঞ্জ, রংপুর। | | | | |
| ০৩। | জনাব মোঃ আবু বক্কর সিদ্দিক<br>চেয়ারম্যান<br>রাধানগর ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর। | ০১৭১৮-৬২৬৩১০ | | | |
| ০৪। | জনাব মামুদুল হাসান সুমন<br>চেয়ারম্যান<br>গোপীনাথপুর ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর। | ০১৭২১-২১৫৮৬০ | | | |
| ০৫। | জনাব মোঃ শওকত আলী<br>চেয়ারম্যান<br>রামনাথপুর ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর। | ০১৭১৩-৭২২০৬৫ | | | |
| ০৬। | জনাব শেখ আবু বক্কর সিদ্দিক<br>চেয়ারম্যান<br>দামোদরপুর ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর। | ০১৭১৬-৭৩৭৪৮১ | 27.01.025 | | |
| ০৭। | জনাব মোঃ নূর আলম<br>চেয়ারম্যান<br>মধুপুর ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর। | ০১৭৭৩-০৭৯০০০ | | | |
| ০৮। | জনাব মোঃশামসুল আলম<br>চেয়ারম্যান<br>গোপালপুর ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর। | ~~০১৭১৩-৭৪৩৯৫০~~<br>01718626310 | | | |
| ০৯। | জনাব মোঃশামসুল আলম<br>চেয়ারম্যান<br>কুতুবপুর ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর। | ০১৭২৭-৪১৫১৫৮ | | | |
| ১০। | জনাব মোঃ শহিদুল হক মানিক<br>চেয়ারম্যান<br>কালুপাড়া ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর। | ০১৭১৩-৭০৭৬৯৬<br>০১৭৩৮-২৬২২৬২ | | | |
| ১১। | জনাব মোঃ মিজানুর রহমান<br>প্যানেল চেয়ারম্যান<br>বিষ্ণুপুর ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর। | ০১৭১৯-০২৭৩২৫ | 27.01.25 | | |
| ১২। | জনাব মোছাঃ মলিহা খানম<br>প্রশাসক<br>লোহানীপাড়া ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর। | ০১৭০৮-৫০৯৩৫১ | 27.01.2025 | | |

দরগঞ্জ উপজেলা পরিষদের জানুয়ারি ২০২৫ মাসের সাধারণ সভায় উপস্থিতি : সভার তারিখ : ২৭/০১/২০২৫খ্রি.।
সভার সময় : বেলা- ১২.০০ ঘটিকা।

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর | প্রতিনিধির স্বাক্ষর | অনুমুতক্রমে অনুপস্থিত |
|---|---|---|---|---|---|
| ১৩। | জনাব ডা: মোঃ আশিকুল আরেফিন<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার<br>বদরগঞ্জ, রংপুর। | ০১৭০১-২৪৮৭৩৭ | স্বাক্ষরিত 27/1/25 | | |
| ১৪। | জনাব মোছাঃ সেলিনা আফরোজ<br>উপজেলা কৃষি অফিসার<br>বদরগঞ্জ, রংপুর। | ০১৭২২-৩৭৩৯২৩ | স্বাক্ষরিত | | |
| ১৫। | জনাব ড. স্বপন চন্দ্র সরকার<br>উপজেলা প্রানিসম্পদ অফিসার<br>বদরগঞ্জ, রংপুর। | ০১৩২৪-২৮৯১৮২ | স্বাক্ষরিত | | |
| ১৬। | জনাব মোঃ আসাদুজ্জামান বাপ্পী<br>উপজেলা প্রকৌশলী এলজিইডি<br>বদরগঞ্জ, রংপুর। | ০১৭৫০-৫০২৯৮৮ | | | |
| ১৭। | জনাব মোঃ উম্মে হাবিবা মুমু<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার<br>বদরগঞ্জ, রংপুর। | ০১৭৪২-৪৪৮৪৯২ | Habib | | |
| ১৮। | জনাব মোঃ রফিক-উজ-জামান<br>উপজেলা শিক্ষা অফিসার<br>বদরগঞ্জ, রংপুর। | ০১৭০৬-৮৭৭৭৮৭ | স্বাক্ষরিত 27/1/2025 | | |
| ১৯। | জনাব এইচ এম মাহাবুবুল ইসলাম<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>বদরগঞ্জ, রংপুর। | ০১৭১৫-০৫১১৩১ | স্বাক্ষরিত 27/01/25 | | |
| ২০। | জনাব মোঃ সাইদুল ইসলাম<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার<br>বদরগঞ্জ, রংপুর। | ০১৭১৭-৮৫০১৪৮ | | | |
| ২১। | জনাব মোঃ রোকনুজ্জামান<br>সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য অধিদপ্তর<br>বদরগঞ্জ, রংপুর। | ০১৭১৪-৫৩৭১৭২ | স্বাক্ষরিত 27.01.25 | | |
| ২২। | জনাব মোঃ কাজী মনিরুজ্জামান<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>বদরগঞ্জ, রংপুর। | ০১৭৩৫-০৭৮৫০৯ | | | |
| ২৩। | জনাব মোঃ মোশফিকুর রহমান<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>বদরগঞ্জ, রংপুর। | ০১৭১২-২৭৫০৩৮ | | | |
| ২৪ | জনাব মাহামুদুল হাসান<br>সহকারী প্রোগ্রামার<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>বদরগঞ্জ, রংপুর। | ০১৭৫০-৭২১৬৩১ | স্বাক্ষরিত 27.01.25 | | |